

## মাইনরিটি ইনস্টিটিউশনে কী প্রভাব জাতীয় শিক্ষানীতির?

এই সময়: জাতীয় শিক্ষানীতিতে মাইনরিটি পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলি নিয়ে কিছু বলা হয়নি। এই প্রতিষ্ঠানগুলির উপরে শিক্ষানীতির প্রভাব কী হবে, তা নিয়েই দু'দিনের আলোচনা শুরু হলো সেন্ট জেভিয়ার্স কলেজে। এই বার্ষিক কনফারেন্সের আয়োজক 'জেসুইট হায়ার এডুকেশন অ্যাসোসিয়েশন, সাউথ এশিয়া'। শনিবার কনফারেন্সের উদ্বোধনী অনুষ্ঠানে অ্যাসোসিয়েশনের সেক্রেটারি, ফাদার জো অরুণই জানান, জাতীয় শিক্ষানীতিতে মাইনরিটি ইনস্টিটিউশনগুলি নিয়ে কিছু বলা হয়নি। তাঁর কথায়, 'এই নীতি কার্যকর আমরা বিজ্ঞানসম্মত ভাবে পদক্ষেপ করতে চাই।' একই সঙ্গে সংবিধানের ৩০ নম্বর ধারা

### আলোচনা জেভিয়ার্সে

অনুযায়ী সংখ্যালঘুদের সাংবিধানিক অধিকারের কথাও স্মরণ করিয়ে দেন তিনি।

কনফারেন্সে যোগ দিচ্ছেন গোটা দেশের শিক্ষক, অধ্যাপক, কলেজ-অধ্যক্ষ, উপাচার্য, সহ-উপাচার্যরা। শুধু ভারতীয় শিক্ষার হাল নিয়ে নয়, পৃথিবীর নানা প্রান্তে শিক্ষার অগ্রগতি, বাধা, চ্যালেঞ্জ নিয়ে আলোচনা হবে কনফারেন্সে। সামনেই নিবর্তন ৪০টি দেশে। তার উপর রয়েছে রাশিয়া-ইউক্রেন এবং ইজরায়েল-প্যালেষ্টাইন যুদ্ধ। এই পরিবেশে এবং পৃথিবী জুড়ে একনায়কত্বের রমরমায় শিক্ষার উপর কী প্রভাব পড়তে পারে, তা নিয়ে আলোচনা করবেন বিশেষজ্ঞরা। শিক্ষা জগতে তাঁর ভূমিকা,



ম্যাজিস মেডেলে সম্মানিত করা হলো সেন্ট জেভিয়ার্স ইউনিভার্সিটির উপাচার্য ফাদার ফেলিক্স রাজকে —এই সময়

একাগ্রতা ও পরিশ্রমকে সম্মান জানাতে সেন্ট জেভিয়ার্স ইউনিভার্সিটির উপাচার্য ফাদার ফেলিক্স রাজকে এ দিন ম্যাজিস মেডেলে সম্মানিত করতে হয়। ফেলিক্স রাজ বলেন, 'আমাদের নিজেদের মধ্যে নেটওয়ার্কিংয়ে আরও জোর দিতে হবে। যত নেটওয়ার্কিং করে নিজেদের মধ্যে যোগাযোগ বাড়াবে, ততই আমাদের প্রতিষ্ঠানগুলি শক্তিশালী হবে। কেবল দেশে নয়, দেশের বাইরেও এ ধরনের যোগাযোগ বাড়ানোয় উৎসাহ দিয়েছে জাতীয় শিক্ষানীতি।' সেন্ট জেভিয়ার্স কলেজের প্রিন্সিপাল ফাদার ডমিনিক স্যাভিও-র বক্তব্যে ধরা পড়ে গণতন্ত্র, বহুমতের প্রসঙ্গ। তিনি বলেন, 'বর্তমান শিক্ষা ব্যবস্থায় জেসুইট ভাবনার প্রকাশ কী ভাবে করা যাবে, সেটাই আমাদের আলোচনার মূল লক্ষ্য হওয়া দরকার।' যে ভাবে ছাত্রছাত্রীদের একাংশের মধ্যে আত্মহত্যার প্রবণতা বাড়ছে, তা রাশে উদ্যোগী হওয়ার কথাও এ দিন ধরা পড়ে অনেক বক্তার বক্তব্যে।